ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৮১
আগরতলা, ১৫ আগস্ট, ২০২৫

## গান্ধী মূর্তিতে, গান্ধী বেদীতে ও শহীদ স্মৃতি সৌধে রাজ্যপালের শ্রদ্ধা নিবেদন

ভারতের ৭৯তম স্বাধীনতা দিবস পালন কর্মসূচির অঙ্গ হিসেবে আজ সকালে সার্কিট হাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। এর পর তিনি গান্ধীঘাটস্থিত গান্ধীবেদিতে পুস্পস্তবক অর্পণ করে মহাত্মা গান্ধীর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এই অনুষ্ঠানের পর রাজ্যপাল লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্কে শহীদ স্মৃতি সৌধে পুস্পস্তবক অর্পণ করে শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনটি স্থানেই রাজ্যপালের সঙ্গে মহাত্মা গান্ধীর মূর্তিতে, গান্ধী বেদিতে এবং এলবার্ট এক্কা পার্কে শহীদ স্মৃতি সৌধে শ্রদ্ধা জানান বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ। সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল জানান, আমাদের বীর স্বাধীনতা সংগ্রামীদের আত্মত্যাগের মাধ্যমে আমরা স্বাধীনতা অর্জন করেছি। আমাদের দেশ গণতান্ত্রিক পদ্ধতি গ্রহণ করেছে এবং পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। তিনি বলেন, রাজ্য সরকার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঘোষিত বিকশিত ভারত গঠনে সবাইকে এগিয়ে আসার জন্য তিনি আহ্বান জানান।

স্বাধীনতা দিবস পালন কর্মসূচির অঙ্গ হিসেবে আজ সন্ধ্যায় রাজভবনে এটহোম অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এবং মুখ্যমন্ত্রীর পত্নী, উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী কিশোর বর্মণ, বিধানসভায় সরকার পক্ষের মুখ্যসচেতক তথা বিধায়ক কল্যাণী সাহা রায়, বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এস রামচন্দ্র রাও, ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি এস পুরকায়স্থ, বিধায়কগণ, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ, আরক্ষা প্রশাসন ও সেনাবাহিনীর পদস্থ আধিকারিকগণ এবং রাজ্যের বিশিষ্ট ব্যক্তিবর্গ। অতিথিদের সম্মানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******